



প্রেস রিলিজ
মেম্বার্স নাইট
বাংলাদেশ ফোরাম কাতার

বিগত ১০ই জানুয়ারী ২০২১ইং তারিখে বাংলাদেশ ফোরাম কাতার (BFQ) গ্র্যান্ড শেরাটন দোহায় "মেম্বার্স নাইট" শিরোনামে একটি অনুষ্ঠান আয়োজন করে। উক্ত অনুষ্ঠানের মাধ্যমে আগামী ২০২১-২০২২ সনের নতুন কার্যনির্বাহী কমিটি যাত্রা শুরু করে। কাতারস্থ বাংলাদেশ দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত জনাব জসিম উদ্দীন এন ডি সি, কাতার ফিন্যান্সিয়াল সেন্টারস্থ (QFC) ফিন্যান্সিয়াল সেন্টার অফিসের ব্যবস্থাপনা পরিচালক জনাব হ্যাংক জেন হুগেনডর্ন, দূতাবাসের অন্যান্য কর্মকর্তাবৃন্দ, বাংলাদেশ ফোরাম কাতারের সদস্যবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ক্যাপ্টেন শাহ আলম, সহ-সভাপতি, কর্পোরেট অ্যাফেয়ার্স, বাংলাদেশ ফোরাম কাতার, তার উদ্বোধনী বক্তব্যের মধ্য দিয়ে "মেম্বার্স নাইট" এর শুভ উদ্বোধন করেন। ২০২০ সনের বিদায়ী সভাপতি ডঃ রাশেদ নোমান তার কার্যকালে গৃহীত সফল পদক্ষেপ সমূহ সংক্ষিপ্ত বিবরণীর মাধ্যমে তুলে ধরেন। উক্ত সময়কালে গৃহীত বিভিন্ন কার্যক্রমের মধ্যে "মেড ইন বাংলাদেশ" নামক বাণিজ্য ও বিনিয়োগ মেলা বিশেষভাবে উল্লেখযোগ্য। উল্লেখ্য বাংলাদেশ এবং কাতার সরকারের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ এবং ব্যবসায়ীবর্গ উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এছাড়াও করোনা মহামারী সময়ে বাংলাদেশ ফোরাম কাতার কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ ও সহযোগিতা প্রশংসার দাবিদার। বিগত বছরে "দ্বিপাক্ষিক ও সিনারিজিস্টিক সুযোগ" নামক একটি অনলাইন ওয়েবিনার আয়োজিত হয় যেখানে বাংলাদেশ দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাঙ্ক বাংলাদেশ এর প্রধান নির্বাহী এবং উভয় দেশের বিশিষ্ট ব্যবসায়ীগণ অংশগ্রহণ করেন।

২০২১-২০২২ সনের নব নির্বাচিত কার্যনির্বাহী কমিটির সভাপতি জনাব মোহাম্মদ শফিকুল ইসলাম ৪ টি মূলভাগে ১৭ সদস্যের নতুন কমিটির সদস্যবৃন্দকে সকলের সম্মুখে পরিচিতির মাধ্যমে উনার ২০২১সনের কর্মপরিকল্পনা উপস্থাপন করেন। ২০২১ সনের প্রথমার্ধের পরিকল্পনার মধ্যে বাংলাদেশের স্টার্টআপ ইকো-সিস্টেম কয়েকটি ওয়েবিনার, কোভিড - ১৯ এর টীকা সংক্রান্ত সচেতনতামূলক ওয়েবিনার, মার্চ নাগাদ সাংস্কৃতিক সপ্তাহ, বিশ্বের দ্বিতীয় বৃহত্তর পোশাক সামগ্রী রপ্তানিকারক হিসেবে বাংলাদেশের পোশাকশিল্পে বিনিয়োগের জন্য পোশাকশিল্প সংক্রান্ত অনলাইন ওয়েবিনার বিশেষভাবে উল্লেখযোগ্য।

২০২১ সনের দ্বিতীয় ধাপে স্বল্প ও মধ্যম সাইজের ব্যবসার জন্য ওয়ার্কশপ, অর্গানাইজেশনের ওয়েব ভিত্তিক বিভিন্ন কার্যক্রম অটোমেশন এন্ড ডিজিটাইজেশন, QFC এবং অন্যান্য ব্যবসায়িক ফোরামের সাথে সম্পর্ক উন্নয়নের জন্য বিভিন্ন সেশন, কাতারস্থ বাংলাদেশী ব্যবসাপ্রতিষ্ঠানসমূহের জন্য ভ্যাট সংক্রান্ত বিভিন্ন সচেতনতামূলক সেশন ও ওয়ার্কশপ উল্লেখযোগ্য। এছাড়াও ব্যক্তি অথবা প্রতিষ্ঠানভিত্তিক বিভিন্ন আইডিয়া বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থায়ন সহযোগিতা প্রদানে আইডিয়া ক্লাবের মাধ্যমে আইডিয়া নির্বাচন ও নিয়মিত প্রয়োজনীয় সেশন আহবান এবং বছরের শেষ প্রান্তে বাংলাদেশের পোশাক শিল্পকে প্রোমোশনের জন্য কাতারে "বিজিএমইএ মেলা" নামক একটি বড় অনুষ্ঠান আয়োজন বিশেষভাবে উল্লেখযোগ্য।

জনাব হ্যাংক জেন হুগেনডর্ন, ব্যবস্থাপনা পরিচালক, ফিন্যান্সিয়াল সেন্টার অফিস, QFC, ভবিষ্যতে বাংলাদেশ ফোরাম কাতার কর্তৃক গৃহীত সকল পদক্ষেপে পূর্ণ সহযোগিতা প্রদানে ইচ্ছা প্রকাশ করেন। তিনি নব নির্বাচিত কমিটির সাথে সম্মিলিতভাবে বাংলাদেশ ও কাতারের জন্য লাভজনক বিভিন্ন ডায়ালগ ও উদ্যোগ গ্রহণের অঙ্গীকার করেন।

কাতারস্থ বাংলাদেশ দূতাবাসের মান্যবর রাষ্ট্রদূত জনাব জসীম উদ্দিন এনডিসি ২০২১-২০২২ সনের জন্য বাংলাদেশ ফোরাম কাতারের নব নির্বাচিত কমিটিকে অভিনন্দন জানিয়ে তার বক্তব্য শুরু করেন। একইসাথে তিনি ফোরামের গৃহীত বিভিন্ন মহৎ উদ্যোগের প্রশংসাপূর্বক, ভবিষ্যতে



উক্ত ফোরাম গৃহীতব্য সকল উদ্যোগে দূতাবাসের পূর্ণ সহযোগিতা প্রদানের আশ্বাস প্রদান করেন। উক্ত ফোরাম গৃহীত উদ্যোগ সমূহ কাতারে বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে বলে আশাবাদ ব্যক্ত করেন। এছাড়াও তিনি আক্রিত্বপূর্ণ উভয় দেশের মধ্যে অর্থনৈতিক সম্পর্ক উন্নয়নের নিমিত্তে বাংলাদেশ ফোরাম কাতারের সঙ্গে একযোগে কাজ করার আগ্রহ প্রকাশ করেন।

বাংলাদেশ ফোরাম কাতার (BFQ), কাতার ফিন্যান্সিয়াল সেন্টার (QFC) নিবন্ধিত ব্যবসায়িক ফোরাম যা কাতারের বিবিধ সেক্টরে কর্মরত বাংলাদেশী পেশাদার এবং ব্যবসায়ীদের দ্বারা গঠিত। ২০১৮ সালে পথচলা শুরু থেকে অদ্যাবধি BFQ বিভিন্ন ব্যবসায়িক সেমিনার, ওয়ার্কশপ, বাণিজ্য মেলা, সাংস্কৃতিক অনুষ্ঠানের ব্যবস্থা করেছে এবং বিভিন্ন কর্পোরেট সামাজিক ক্রিয়াকলাপে নিযুক্ত রয়েছে। বাংলাদেশ দূতাবাসের সাথে সম্মিলিতভাবে ফোরামটি কাতার ও বাংলাদেশের মধ্যে অর্থনৈতিক ও আর্থ-সাংস্কৃতিক বন্ধনকে শক্তিশালী করতে এবং বাংলাদেশের ভাবমূর্তি উন্নয়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

